# ভ্রাম্যমাণ খাবার বিক্রির ইউনিটগুলির জন্য অক্ষরের গ্রেড নির্ধারণ: বিক্রেতাদের যা জানা প্রয়োজন

এই নথিটি ভ্রাম্যমাণ খাবার বিক্রেতাদের জন্য নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য দপ্তরের গ্রেড নির্ধারণের কর্মসূচি সম্পর্কে তথ্য প্রদান করে। স্কোর ও গ্রেড নির্ধারণের নতুন প্রক্রিয়া, পরিদর্শন, গ্রেড ও অনুমতিপত্রের স্টিকার, অবস্থান শেয়ার করা এবং বিক্রেতারা কীভাবে "A" গ্রেড পেতে পারেন সেই বিষয়ে তথ্য এতে অন্তর্ভুক্ত আছে।

## স্বাস্থ্য বিভাগ খাবারের ঠেলাগাড়ি ও ট্রাকগুলিকে কেন গ্রেড দিচ্ছে?

2017 সালে পাস হওয়া একটি স্থানীয় আইন মান্য করার জন্য স্বাস্থ্য বিভাগ সব অনুমতিপ্রাপ্ত খাবারের ঠেলাগাড়ি ও ট্রাকগুলিকে গ্রেড দিচ্ছে। এই স্থানীয় আইনটি রেস্তোরাঁকে গ্রেড দেওয়ার জন্য স্বাস্থ্য বিভাগের কর্মসূচিকে প্রসারিত করে, যেটি রেস্তোরাঁর খাদ্য সুরক্ষার অনুশীলনগুলিকে উন্নত করতে খুবই সফল হয়েছে।

## গ্রেড নির্ধারণের সাথে সাথে ভ্রাম্যমাণ খাবার বিক্রেতাদের জন্য পরিদর্শনের প্রক্রিয়া কি পালটে গেছে?

না। ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা ইউনিট ও রেস্তোরাঁ উভয়ের জন্যই স্বাস্থ্য বিভাগের পরিদর্শকরা যাচাই করেন যে পরিচালকরা নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য কোড (New York City Health Code) ও নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যবর্ধক কোড (New York State Sanitary Code) এ উল্লিখিত খাদ্য সুরক্ষার আবশ্যকতাগুলি অনুসরণ করছেন। স্বাস্থ্য বিভাগ পরিদর্শনের প্রক্রিয়াটির পরিবর্তন করছে না। তবে ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা ইউনিটগুলিকে এখন স্কোর ও গ্রেড দেওয়া হবে।

## গ্রেড কীভাবে হিসাব করা হয়?

পরিদর্শনের সময় খুঁজে পাওয়া লঙ্ঘনগুলির পয়েন্ট মান আছে। পয়েন্ট সংখ্যা নির্ভর করে জনগণের স্বাস্থ্যের ঝুঁকির ওপর। যে অবস্থাগুলির কারণে উচ্চ ঝুঁকি তৈরি হয় সেগুলি বেশি পয়েন্ট পায়, আর কম ঝুঁকিসম্পন্ন অবস্থাগুলি তুলনায় কম পয়েন্ট পায়। পরিদর্শনের শেষে, লঙ্ঘনের পয়েন্টগুলিকে একসাথে যোগ করা হয়। এই পরিদর্শনের স্কোরকে গ্রেডে রূপান্তরিত করা হয়।

“A” গ্রেড: 0-13 পয়েন্ট
“B” গ্রেড: 14-27 পয়েন্ট
“C” গ্রেড: 28 পয়েন্ট বা আরো বেশি

ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা ইউনিটগুলির জন্য স্বয়ং-পরিদর্শন ওয়ার্কশিট ডাউনলোড করার জন্য nyc.gov/health দেখুন এবং "mobile food vendor (ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা)" সন্ধান করুন, যেটিতে খাদ্য সুরক্ষার লঙ্ঘনগুলির একটি তালিকা এবং প্রতিটি লঙ্ঘনের জন্য পয়েন্ট অন্তর্ভুক্ত আছে।

**খাবারের সব ঠেলাগাড়ি ও ট্রাকগুলির একটি অক্ষর গ্রেড পেতে কতদিন লাগবে?**

খাবারের সব ঠেলাগাড়ি ও ট্রাকগুলিকে গ্রেড দিতে স্বাস্থ্য বিভাগের প্রায় দু'বছর লাগবে। একটি ইউনিট কোনো গ্রেড পাওয়ার আগে, এটির একটি নতুন অনুমতির স্টিকার ও অবস্থান শেয়ার করার যন্ত্র প্রয়োজন হবে। স্বাস্থ্য বিভাগ ইউনিটের অনুমতি-পূর্ব পরিদর্শনের সময় ঠেলাগাড়ি ও ট্রাকে এগুলি লাগিয়ে দেয়, অনুমতিপত্রের ধরনের ওপরে নির্ভর করে এই পরিদর্শনগুলি প্রতি বছর অথবা প্রতি দু'বছর অন্তর পরিচালনা করা হয়।

**স্বাস্থ্য বিভাগ কি খাবার বিক্রির গ্রেডগুলি অনলাইন প্রকাশ করবে?**

হ্যাঁ। পরিদর্শনের বিশদ তথ্য দেখা এবং শেষ পরিদর্শনে গ্রেড, রন্ধনপ্রণালী ও স্থানীয় এলাকা অনুযায়ী খাবারের ঠেলাগাড়ি ও ট্রাকগুলি খোঁজার জন্য nyc.gov/health/ABCEats এ যান।

<u>পরিদর্শন ও গ্রেড নির্ধারণ</u>

**স্বাস্থ্য বিভাগ আমার ঠেলাগাড়ি বা ট্রাককে কখন গ্রেড দেবে?**

স্বাস্থ্য বিভাগ নতুন অনুমতিপত্রের স্টিকার ও অবস্থান শেয়ার করার যন্ত্র আছে এমন খাবারের ঠেলাগাড়ি ও ট্রাকগুলিকে 2018 সালের ডিসেম্বরে গ্রেড দেওয়ার কাজ শুরু করবে।

**আমার নতুন অনুমতিপত্রের স্টিকার ও অবস্থান শেয়ার করার যন্ত্র আছে। আমি কীভাবে গ্রেড পাবো?**

আপনার ইউনিট নতুন অনুমতিপত্রের স্টিকার ও অবস্থান শেয়ার করার যন্ত্রটি পেয়ে যাওয়ার পরে, স্বাস্থ্য বিভাগ একটি অঘোষিত, প্রাথমিক পরিদর্শন সম্পন্ন করবে।

- আপনার ঠেলাগাড়ি বা ট্রাক যদি এই পরিদর্শনে 13 বা তার কম লঙ্ঘনের পয়েন্ট পায়, তাহলে পরিদর্শক সাথে সাথে একটি "A" গ্রেড লাগিয়ে দেবেন।
- আপনার ইউনিট যদি এই পরিদর্শনে 14 বা তার বেশি লঙ্ঘনের পয়েন্ট পায়, তাহলে পরিদর্শক কোনো গ্রেড দেবেন না। তার পরিবর্তে স্বাস্থ্য বিভাগ কয়েক সপ্তাহের মধ্যে আবার একটি পরিদর্শন করবে।
- এই পুনরায় পরিদর্শনে, আপনার ইউনিটের পরিদর্শনের স্কোর যদি "A" গ্রেডের সমান হয়, তাহলে পরিদর্শক সাথে সাথে একটি "A" গ্রেড লাগিয়ে দেবেন। পুনরায় পরিদর্শনের নম্বর যদি "B" বা "C" গ্রেডের সমান হয়, তাহলে পরিদর্শক ইউনিটের ওপরে "গ্রেড অমীমাংসিত (Grade Pending)" লাগিয়ে দেবেন। অফিস অফ অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রায়ালস অ্যান্ড হিয়ারিংস (OATH) এ একটি শুনানিতে আপনি পরিদর্শনের ফলাফলগুলিকে চ্যালেঞ্জ করার একটি সুযোগ পাবেন। এই শুনানির পরে স্বাস্থ্য বিভাগ আপনার ইউনিটে চূড়ান্ত গ্রেডটি লাগিয়ে দেবে।

**আমার যদি “গ্রেড অমীমাংসিত (Grade Pending)” কার্ড থাকে, তাহলে আমি কী করব?**
“গ্রেড অমীমাংসিত (Grade Pending)” কার্ডের অর্থ হল আপনার ইউনিট এই পুনরায় পরিদর্শনে 14 বা তার বেশি লঙ্ঘনের পয়েন্ট পেয়েছে। OATH এ একটি শুনানিতে আপনি পরিদর্শনের ফলাফলগুলিকে চ্যালেঞ্জ করার একটি সুযোগ পাবেন।

শুনানির পরে, OATH হিয়ারিং অফিসারের সিদ্ধান্তটি অনুমতি ধারক ও স্বাস্থ্য বিভাগের কাছে পাঠাবে। OATH যদি একটি লঙ্ঘনকে খারিজ করে বা কমিয়ে দেয়, তাহলে স্বাস্থ্য বিভাগ আবার স্কোর হিসাব করবে, এবং স্কোরটি যদি কোনো আলাদা গ্রেডের সমান হয় তাহলে নতুন গ্রেড দেবে। OATH তার সিদ্ধান্ত দেওয়ার পরে, এবং পুনরায় পরিদর্শনের পরে সর্বাধিক 42 দিনের মধ্যে, আপনাকে অক্ষরের গ্রেডটি পোস্ট করার ব্যবস্থা করার জন্য অবশ্যই 646-632-6203 নম্বরে স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করতে হবে।

আপনি যদি আপনার OATH শুনানি সম্পূর্ণ করা সত্ত্বেও এই 42 দিনের সময়কালের মধ্যে OATH এর সিদ্ধান্ত না পেয়ে থাকেন, তাহলে আপনি “গ্রেড অমীমাংসিত (Grade Pending)” পোস্ট করা অব্যাহত রাখতে পারেন। OATH এর সিদ্ধান্ত আপনাকে জানানোর পরে, আপনি “গ্রেড অমীমাংসিত (Grade Pending)”-কে একটি অক্ষরের গ্রেডে পরিবর্তন করার ব্যবস্থা করার উদ্দেশ্যে স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করার জন্য পাঁচ দিন সময় পাবেন।

**OATH শুনানির পরে আমি কীভাবে আমার চূড়ান্ত গ্রেড জানতে পারি?**
আপনি 646-632-6203 নম্বরে স্বাস্থ্য বিভাগকে ফোন করে অথবা nyc.gov/health/ABCEats দেখে আপনার চূড়ান্ত গ্রেড জানতে পারেন।

**আমি পরিদর্শনের ফলাফলকে চ্যালেঞ্জ করতে চাই কিন্তু নির্ধারিত তারিখে শুনানিতে উপস্থিত থাকতে পারবো না। আমার কী করা উচিত?**
শুনানির তারিখ পরিবর্তন করার বিষয়ে তথ্যের জন্য, সমনের পিছন দিকে দেখুন বা nyc.gov/oath এ যান।

**আমার ইউনিট তার চূড়ান্ত গ্রেডটি পাওয়ার পরে, একটি নতুন গ্রেডের জন্য কখন পরবর্তী সুযোগ আসবে?**
নতুন গ্রেডের জন্য পরবর্তী সুযোগটি পরবর্তী প্রাথমিক পরিদর্শনের সাথে শুরু হয়। আপনার পরবর্তী প্রাথমিক পরিদর্শনের তারিখটি নির্ভর করে শেষ দফার পরিদর্শন থেকে প্রাপ্ত আপনার ইউনিটের পরিদর্শনের স্কোরের ওপর।

- প্রাথমিক পরিদর্শনে 0 থেকে 13 স্কোর পেয়েছে এমন একটি ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা ইউনিট প্রায় এক বছরের মধ্যে তার পরবর্তী প্রাথমিক পরিদর্শনের সুযোগ পাবে।
- প্রাথমিক পরিদর্শন বা পুনঃপরিদর্শনের মধ্যে যে স্কোরটি বেশি হবে তা যদি 14 ও 27 পয়েন্টের মাঝে হয়, তাহলে পরবর্তী প্রাথমিক পরিদর্শনটি হবে পুনঃপরিদর্শনের পাঁচ থেকে সাত মাস পরে।
- প্রাথমিক পরিদর্শন বা পুনঃপরিদর্শনে 28 পয়েন্ট বা তার বেশি স্কোর পেয়েছে এমন একটি ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা ইউনিট পুনঃপরিদর্শনের তিন থেকে পাঁচ মাস পরে তার পরবর্তী প্রাথমিক পরিদর্শনের সুযোগটি পাবে।

গ্রেড ও অনুমতিপত্রের স্টিকার

**আমার বর্তমান অক্ষরের গ্রেড বা "গ্রেড অমীমাংসিত (Grade Pending)" পোস্ট না করার জন্য কোনো জরিমানা হয় কি?**

হ্যাঁ, কোনো ইউনিট তার অক্ষরের গ্রেড বা "গ্রেড অমীমাংসিত (Grade Pending)" পোস্ট না করলে, তা ঢেকে রাখলে বা সরিয়ে দিলে, স্বাস্থ্য বিভাগ একটি সমন জারি করবে, যার ফলে জরিমানা হতে পারে।

**আমার অনুমতিপত্রের স্টিকার বা অক্ষরের গ্রেডটি ক্ষতিগ্রস্ত হলে কী হয়?**

আপনার অনুমতিপত্রের স্টিকার বা অক্ষরের গ্রেডটি যদি ক্ষতিগ্রস্ত হয়, তাহলে আপনাকে অবশ্যই অবিলম্বে স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করতে হবে। একটি নতুন অনুমতিপত্রের স্টিকার ও/বা অক্ষরের গ্রেড কীভাবে পাওয়া যায় তা জানতে, 646-632-6203 নম্বরে ফোন করুন বা MFVInspections@health.nyc.gov এ ইমেল করুন।

অবস্থান শেয়ার করা

**অবস্থান শেয়ার করার যন্ত্র কী?**

অবস্থান শেয়ার করার যন্ত্র হল একটি ছোট বাক্সের মধ্যে থাকা একটি ব্যাটারি-চালিত তারহীন যন্ত্র যা স্বাস্থ্য বিভাগকে পরিদর্শন করার জন্য বিক্রেতা ইউনিটকে খুঁজে পেতে সক্ষম করবে। স্বাস্থ্য বিভাগ প্রতিটি খাবারের ঠেলাগাড়ি বা ট্রাকে একটি সংযুক্ত করবে।

**স্বাস্থ্য বিভাগ কি ইতিমধ্যেই খাবারের ঠেলাগাড়ি ও ট্রাকগুলিকে পরিদর্শনের জন্য খুঁজে পাচ্ছিল না? কেন আপনার অবস্থান শেয়ার করা প্রয়োজন?**

খাবার বিক্রেতা ইউনিটগুলি কোনো একটি সুনির্দিষ্ট স্থানে বা একটি নির্ধারিত সময়ে ব্যবসা করতে বাধ্য নয়। ফলস্বরূপ, স্বাস্থ্য বিভাগ সবসময় ঠেলাগাড়ি বা ট্রাকটিকে খুঁজে পায় না অথবা যখন পরিদর্শন বাকি থাকে, সঠিক সেই সময়ে এটাকে খুঁজে পায় না। গ্রেড নির্ধারণের কর্মসূচিতে একটি সুনির্দিষ্ট পরিদর্শনের সময়সূচি আছে এবং যে সময়ে ইউনিটের পরিদর্শন বাকি থাকে সেই সময়ে স্বাস্থ্য বিভাগকে ঠেলাগাড়ি বা ট্রাকটিকে অবশ্যই খুঁজে বের করতে হবে।

**অবস্থান শেয়ার করার যন্ত্রটি কী কী তথ্য সম্প্রচার করে?**

অবস্থান শেয়ার করার যন্ত্রটি স্বাস্থ্য বিভাগকে ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা ইউনিটের সবচেয়ে কাছের রাস্তার ঠিকানাটি এবং তারিখ ও সময় পাঠায়।

**কারা অবস্থানের তথ্য দেখতে পারে?**

শুধুমাত্র স্বাস্থ্য বিভাগের কর্মীরাই অবস্থানের তথ্য দেখতে পাবেন।

**স্বাস্থ্য বিভাগ কি সবসময় বিক্রেতা ইউনিটগুলির ওপরে নজর রাখবে?**

না। স্বাস্থ্য বিভাগ যদি ইউনিটটি পরিদর্শন করতে চায়, *শুধুমাত্র* তাহলেই অবস্থান শেয়ার করার যন্ত্রটিকে স্বাস্থ্য বিভাগ একটি খাবারের ঠেলাগাড়ি বা ট্রাকের অবস্থান পাঠাতে "বলবে"।

**স্বাস্থ্য বিভাগ অবস্থানের তথ্যকে কীভাবে সুরক্ষিত রাখবে?**

অবস্থান শেয়ার করার যন্ত্রটি স্বাস্থ্য বিভাগের একটি সুরক্ষিত নেটওয়ার্কে স্বাস্থ্য বিভাগের একটি সুরক্ষিত সার্ভারের কাছে সুরক্ষিতভাবে তথ্য সম্প্রচার করবে। প্রতিটি যন্ত্রের একটি যন্ত্র সনাক্তকরণ নম্বর থাকবে যা ইউনিটের অনুমতিপত্র ও স্টিকারের নম্বরের থেকে আলাদা। অবস্থানের তথ্যটি স্বাস্থ্য বিভাগের ভ্রাম্যমাণ খাবার বিক্রি সংক্রান্ত অন্যান্য তথ্যের থেকে আলাদাভাবে সঞ্চয় করা হবে। অবস্থানের তথ্যটি 24 ঘন্টার কম সময়ের জন্য রাখা হবে। এটি প্রতি রাতে স্বাস্থ্য বিভাগের সার্ভার থেকে মুছে ফেলা হবে।

**খাবারের ঠেলাগাড়ি বা ট্রাকের পরিচালককে কি অবস্থান শেয়ার করার যন্ত্রটির জন্য অর্থপ্রদান করতে হবে?**

নং.

**আমি কীভাবে যন্ত্রটি স্থাপন করবো?**

স্বাস্থ্য বিভাগ অনুমতি-পূর্ব পরিদর্শনে যন্ত্রটি স্থাপন করবে।

**আমি কীভাবে যন্ত্রটির রক্ষণাবেক্ষণ করবো?**

আপনাকে যন্ত্রটির রক্ষণাবেক্ষণের জন্য কিছু করতে হবে না। যদি যন্ত্রটি ক্ষতিগ্রস্ত হয়, হারিয়ে যায় বা চুরি যায়, তাহলে অবিলম্বে স্বাস্থ্য বিভাগকে 646-632-6203 নম্বরে ফোন করুন।

**যন্ত্রটির কিছু হলে আমি কি লঙ্ঘনে অভিযুক্ত হবো?**

যন্ত্রটির ক্ষতি করা বা সেটিকে নষ্ট করা, - অথবা আপনার ইউনিটকে একটি সুরক্ষিত স্থানে না রাখা - ফলস্বরূপ একটি লঙ্ঘন ঘটতে পারে এবং জরিমানা হতে পারে।

<u>জরিমানা</u>

**লঙ্ঘনের জন্য আরোপ করা জরিমানাগুলিতে কি কোনো পরিবর্তন হবে?**

হ্যাঁ। স্বাস্থ্য বিভাগ জরিমানা সংক্রান্ত নতুন নীতিগুলি বাস্তবায়িত করছে এবং রেস্তোরাঁর গ্রেড নির্ধারণ কর্মসূচির মতো একই রকম একটি নতুন জরিমানা সূচি জারি করছে। ফলস্বরূপ, সার্বিকভাবে জরিমানাগুলি কমে যাবে।

<u>খাবারের প্রতিটি ঠেলাগাড়ি ও ট্রাক “A” গ্রেড পেতে পারে</u>

**আমার ভ্রাম্যমাণ খাবার বিক্রির ইউনিট কীভাবে তার গ্রেডকে উন্নত করতে পারে?**

খাবারের প্রতিটি ঠেলাগাড়ি ও ট্রাক “A” গ্রেড পেতে পারে। আপনার গ্রেডকে উন্নত করার জন্য আপনি যে ধাপগুলি নিতে পারেন তার কয়েকটি এখানে দেওয়া হল:

- নিশ্চিত করুন যে শুধুমাত্র লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতারাই ইউনিটটি চালাচ্ছেন। একজন লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাকে অবশ্যই স্বাস্থ্য বিভাগের খাদ্য সুরক্ষা শ্রেণীতে উত্তীর্ণ হতে হবে।
- পরিদর্শনের সময় পাওয়া লংঘনগুলিকে সংশোধন করুন।

- আপনি খাদ্য সুরক্ষার আবশ্যকতাগুলি পূরণ করছেন তা যাচাই করার জন্য স্বয়ং-পরিদর্শনের ওয়ার্কশিট ব্যবহার করুন।

**ভ্রাম্যমাণ খাদ্য বিক্রির জন্য অক্ষরের গ্রেড নির্ধারণের কর্মসূচিটি সম্বন্ধে আমি কীভাবে আরো জানতে পারি?**
কর্মসূচিটি সম্বন্ধে আরো জানতে এবং কীভাবে “A” গ্রেড পাওয়া যায় তা জানতে স্বাস্থ্য বিভাগের ভ্রাম্যমাণ খাবার বিক্রেতা কর্মশালাগুলি সম্বন্ধে তথ্য পাওয়ার জন্য, আপনি nyc.gov/health/mobilefood দেখতে পারেন।

**আমার খাবারের ঠেলাগাড়ি বা ট্রাক পরিচালনা করা বা গ্রেড নির্ধারণ সম্বন্ধে আমার কোনো প্রশ্ন থাকলে আমি কার সঙ্গে যোগাযোগ করতে পারি?**
আরো তথ্যের জন্য স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করুন:

- ফোন: 646-632-6203
- ইমেল: MFVInspections@health.nyc.gov
- ব্যক্তিগত উপস্থিতিতে: গ্রাহক পরিষেবা অফিস (Customer Service Office)<br>125 Worth Street, room 1020<br>সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 9টা থেকে বিকাল 4টা<br>শুক্রবার সকাল 9টা থেকে দুপুর 2টা